

## **া** সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১০৬৮

৮. পবিত্ৰতা অৰ্জন (كِتَابُ الطَّهَارَةِ)

পরিচ্ছেদঃ ইমামের জন্য তার অধিনস্থ লোকদের সামনে মেসওয়াক করা বৈধ, যদি তা তাদেরকে লজ্জা বা বিব্রতকর অবস্থায় ফেলে না দেয়

ذِكْنُ الْإِبَاحَةِ لِلْإِمَامِ أَنْ يَسْتَاكَ بِحَضْرَةِ رَعِيَّتِهِ إِذَا لَمْ يَكُنْ يَحْتَشِمُهُمْ فِيهِ

## আরবী

1068 - أَخْبَرُنَا مُحَمَّدُ بْنُ إِسْحَاقَ بْنِ خُزَيْمَةَ وَعُمَرُ بْنُ مُحَمَّدِ الْهَمْدَانِيُّ قَالَا: حَدَّتَنَا عَمْرُو بْنُ عَلِي قَالَ: حَدَّتَنَا يَحْيَى بْنُ سَعِيد قَالَ: حَدَّتَنَا قُرَّةُ بْنُ خَالِد قَالَ: حَدَّتَنِي حُمَيْدُ بْنُ هِلَالٍ قَالَ: حَدَّتَنِي أَبُو بُرْدَةَ عَنْ أَبِي مُوسَى قَالَ: أَقْبَلْتُ إِلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ فِسَلَّمَ وَمَعِي رَجُلَانِ مِنَ الأَشْعَرِيِّين أَحَدُهُمَا عَنْ يَمِينِي وَالْآخِرُ عَنْ يَسَارِي وَرَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَسْتَاكُ فَكَلَاهُمَا سَأَلًا الْعَمَلَ قُلْتُ: وَالَّذِي بَعَتَكَ بِالْحَقِّ مَا أَطْلَعَانِي عَلَى مَنَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَسْتَاكُ فَكَلَاهُمَا سَأَلًا الْعَمَلَ قُلْتُ: وَالَّذِي بَعَتَكَ بِالْحَقِّ مَا أَطْلَعَانِي عَلَى مَنَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَسْتَاكُ فَكَلَاهُمَا يَطْلُبَانِ الْعَمَلَ قُلْتُ: وَالَّذِي بَعَتَكَ بِالْحَقِّ مَا أَطْلَعَانِي عَلَى مَلَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (إِنَّا لَا عَلَى الْقَعْمِ وَسَلَّمَ يَسْتَعِينَ عَلَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَسْتَاكُ أَنْهُمَا يَطْلُبَانِ الْعَمَلَ قَلَانًا مَنْ أَرْادَهُ لَكِنِ الْهَبُ مَلَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (إِنَّا لَا لَا عَلَى الْتَهُ عَلَيْهِ وَسَلَّمَ: (إِنَّا لَا لَا عَلَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ اللَّهُ عَلَيْهُ وَسُلَمَ عَلَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ اللَّهُ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ اللَّهُ اللَّهُ عَلَيْهُ وَلَا اللَّهُ عَلَيْهُ وَلَاللَهُ عَلَيْهُ وَسُلُولُ اللَّهُ الْمَعْدُ اللَّهُ عَلَيْهِ مُوسَى اللَّهُ عَلَيْهِ وَسُلَمَ الْمَعْدِي الْعَلَى اللَّهُ عَلَيْهُ وَلَا اللَّهُ عَلَيْهُ وَى اللَّهُ اللَّهُ عَلَيْهُ الْعَلَى الْمَعْدِي اللَّهُ الْمُعْلَى اللَّهُ الْمُعْلَى اللَّهُ الْمُعْلِي اللَّهُ الْعَلَى اللَّهُ عَلَيْهِ اللَّهُ عَلَيْهُ اللَّهُ الْعَلَى اللَّهُ عَلَيْهُ اللَّهُ ا

## বাংলা

১০৬৮. আবৃ মুসা আশ'আরী রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর কাছে আগমন করি, এসময় আমার সাথে আশ'আরী গোত্রের আরো দুইজন ছিলো; একজন আমার ডানে আরেক আমার বামে আর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এসময় মেসওয়াক করছিলেন। অতঃপর আমাদের সাথীর দুইজনই রাষ্ট্রীয় কাজে নিয়োগের আবেদন করলেন। আমি বললাম, "ঐ সন্তার কসম, যিনি আপনাকে হকসহ পাঠিয়েছেন, ওদের মনে যা রয়েছে, তা তারা আমাকে জানায়নি আর আমি নিজেও বুঝতে পারিনি যে, তারা আপনার কাছে নিয়োগের আবেদন করবেন! আমি যেন দেখতে পাচ্ছি ঠোটের নিচে তাঁর



মেসওয়াক যা তিনি চাবাচ্ছিলেন।" রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন, "আমরা আমাদের কাজে সাহায্য নেই না অথবা (রাবীর সন্দেহ তিনি বলেছেন) কখনই সাহায্য নিবো না এমন ব্যক্তির, যে ব্যক্তি তা প্রার্থনা করে। বরং তুমি যাও।" অতঃপর তিনি তাকে (আবূ মুসা আশ'আরী রাদ্মাল্লাহু আনহু) ইয়ামানে (এর গভর্নর করে) পাঠান। তারপর তিনি মুয়ায বিন জাবাল রাদ্মাল্লাহু আনহুকে তার পিছে পাঠান।"[1]

## ফুটনোট

[1]নাসাঈ: ১/৯,১০; মুসনাদ আহমাদ: ৪/৪০৯; সহীহ বুখারী: ৬৯২৩; সহীহ মুসলিম: ১৭৩৩; আবূ দাঊদ: ১৩৫৪।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকাতুল হিসান: ১০৬৮।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবু মুসা আল- আশ'আরী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন